**জানুয়ারি ৬-১০,২০১৪ ভূটানের রাজা ওবং রাণীর ভারতে সরকারি সফর**

ভুটানের রাজা এবং রাণী,মহামান্য জিগমে কেশর নামগিয়াল ওয়াংচুক ও মহারাণী জেটসান প্রেমা আগামী ৬-১০ জানুয়ারি ২০১৪ সরকারি সফরে ভারতে আসছেন। ভুটান রাজার সফরসঙ্গী প্রতিনিধিদলে রয়েছেন বিদেশমন্ত্রী,স্বরাষ্ট্রমন্ত্রী এবং আর্থিক বিষয়ক মন্ত্রী।

ভারতের রাষ্ট্রপতির আমন্ত্রণে ভুটানের মহামান্য রাজা আসছেন এবং গত দুই দশকের মধ্যে তিনিই প্রথম বিদেশি রাষ্ট্রপ্রধান যিনি রাষ্ট্রপতিভবনের নবীকৃত দ্বারকা স্যুইটে বাস করবেন।

ভারতে থাকাকালীন ভুটান রাজা ভারতের রাষ্ট্রপতির সংগে মিলিত হবেন।ভারতের উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, ইউপিএ চেয়ারপার্সন,অর্থমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী,স্বরাষ্ট্রমন্ত্রী,বিরোধি দল নেত্রী,জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এবং বিদেশসচিব ভুটান রাজার সংগে সাক্ষাৎ করবেন।

নিবিড় বন্ধুত্ব,গভীর সমঝোতা এবং পারস্পরিক আস্থার ভিত্তিতেই ভারত ও ভুটানের মধ্যে বিশেষ সম্পর্ক বিদ্যমান। ভুটান রাজার এই সফর দুই দেশের মধ্যেকার নিবিড় দ্বিপাক্ষিক সম্পর্ক আরো সম্পৃকত ও  সম্প্রসারিত করবে।

**নয়াদিল্লি**

**৪ জানুয়ারি ২০১৪**